

কলাস্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

তৃতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার

বাংলা বিভাগ

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ.জি. ৬.৩৪ (ঐচ্ছিক পত্র)

বিষয় : অনুবাদ সাহিত্য : পাশ্চাত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। রিলকে এবং কীটসের যথাক্রমে ‘বসন্ত’ এবং ‘শরৎ’ কবিতাদুটি সংক্ষেপে আলোচনা করে দুই কবির ভাবনাজগতের একটি তুলনামূলক ছবি হাজির করো। ১০

অথবা

২। ভিক্টর উগো এবং শার্ল বোদলেয়ার — দু’জনেই ফরাসি কবি, সমকালীনও বটে। তোমার পড়া একটি করে কবিতার সাহায্যে এঁদের মধ্যে যে প্রকৃতিগত তফাত ছিল তা বুঝিয়ে দাও। ১০

৩। ‘এমন অপ্রত্যাশিত আঘাত তারা দু’জনেই পেয়েছে যে নিজেদের ব্যক্তিত্ব পর্যন্ত যেন লুপ্ত। তারা পরস্পরকে আর ঘৃণাও করে না।’ প্রেমেন্দ্র মিত্রের অনুবাদ করা পাঠ্য লরেসের গল্পটি মনে রেখে বুঝিয়ে দাও কোন ‘অপ্রত্যাশিত আঘাতের’ কথা এখানে বলা হয়েছে, কেন পরস্পরের জন্য ঘৃণাও আর বেঁচে নেই। ১০

অথবা

৪। কাফ্কার ‘এক অনশন-শিল্পী’ গল্পের শেষ অনুচ্ছেদে মৃত শিল্পীর খাঁচায় জায়গা পায় এক ‘জোয়ান চিতা’। শিল্পীর মৃত্যুতেই যে গল্প ফুরিয়ে যেতে পারত সেই গল্পে এই রাজকীয় চিতা বাঘের প্রয়োজন ছিল কোনো? যুক্তি সহ উত্তর দাও। ১০

৫। আলব্যের কাম্যুর উপন্যাসের বাংলা অনুবাদ প্রেমেন্দ্র মিত্রের ‘অচেনা’। উপন্যাসের কাহিনীতে স্পষ্ট হয়েছে ব্যক্তি-অস্তিত্বের সংকট বনাম সামাজিক অস্তিত্বের দ্বন্দ্ব। ম্যুরসোর জীবনের অভিজ্ঞতার নিরিখে বিষয়টি ব্যাখ্যা করো। ১০

অথবা

৬। আলব্যের কাম্যুর উপন্যাসের অনুবাদ হিসেবে প্রেমেন্দ্র মিত্রের ‘অচেনা’ কতটা শিল্পসম্মত অনুসরণ আর কতটা স্বাধীন সৃষ্টি, অনুবাদ অবলম্বনে আলোচনা করো। ১০

৭। ইবসেনের নাটকের দেশীকৃত অনুবাদ শঙ্কু মিত্র করেছিলেন ‘পুতুলখেলা’। আমাদের দেখা বাস্তবতা কি নাটকটির চরিত্র, ঘটনা ও সংলাপে পাওয়া গিয়েছে? আলোচনা করো। ১০

অথবা

৮। ইবসেনের নাটকের বাংলায় অনুদিত রূপ ‘পুতুলখেলা’-য় প্রধান চরিত্র বুলু শেষ পর্বে বিবাহিত জীবনে নিজের ভূমিকা প্রত্যাহার করেছে। তা কি আকস্মিক, নাকি প্রথম থেকেই চরিত্রটির বিবর্তনের সম্ভাবনা নজরে পড়ে? আলোচনা করো। ১০

★ ★ ★